# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র বিষয় কোড: | ২ | ৭ | ৭ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ সদ্য এমবিএ পাশ করা ৫ বন্ধু কোম্পানি আইন উপদেষ্টার কাছে গেলে তিনি বলেন, তারা যে কোম্পানি গঠন করতে চাচ্ছে তার জন্য কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হবে না। তবে দুটি দলিল তৈরি করতে হবে এবং কিছুটা সময় লাগবে। বন্ধুরা সব শুনে সমঝোতার ভিত্তিতে আইনের আনুষ্ঠানিকতার বাইরে একটা প্রতিষ্ঠান গড়লেন।

ক. ন্যূনতম মূলধন কী? ১

খ. স্মারকলিপিকে কোম্পানির সংবিধান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত পাঁচ বন্ধু মিলে কোন ধরনের কোম্পানি গঠন করতে চেয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. বন্ধুদের নতুন প্রতিষ্ঠান গড়ার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**২.** ▶ দুবলার চরের জেলেরা মহাজনদের জ্বালায় অতিষ্ঠ। যে মাছ ধরে তা কমদামে মহাজনের কাছে দিয়ে দেয়। শেষ পর্যন্ত বাঁচার তাগিদে তারা নিজেরা মিলে একটা সমবায় সমিতি গঠন করলো। এখানে তার কষ্ট করে হলেও কিছু জমা করে। এরপর নিজেদের সমিতি থেকে নিজেরাই ঋণ নেয়। তারা শহরের আড়তে একত্রে মাছ পাঠায়। এতে দাম বেশি পায়। তাদের ঐক্যের শক্তি এখন পাশের জেলেপাড়াগুলোতেও দারুন আলোড়ন সৃষ্টি করেছে।

ক. সমবায় উপবিধি কী? ১

খ. সমবায়ের মুনাফা বণ্টন নীতিটি লেখ। ২

গ. উদ্দীপকের জেলেরা সদস্য বিচারে কোন ধরনের সমবায় সমিতি গড়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাশের জেলেপাড়াগুলোতে সমবায়ের কোন আদর্শ আলোড়ন সৃষ্টি করেছে? এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ আরিফ খানের উপন্যাস চিন্তাশীল তরুণ প্রজন্মের মাঝে ব্যাপক সাড়া জাগিয়েছে। তার নতুন উপন্যাস বাজারে আসলে তরুণ পাঠকরা হুমড়ি খেয়ে পড়ে। অসাধু ব্যবসায়ীদের থেকে রক্ষায় উপন্যাস বের হবার আগেই তিনি আইনগত ব্যবস্থা নেন। তার পাবলিশার্স 'রাখী প্রকাশনী' উদীয়মান ভাল লেখকদের উপন্যাস, গল্প সমগ্র ইত্যাদি প্রকাশের মাধ্যমে ইতোমধ্যে যথেষ্ট সুনাম কুড়িয়েছে। তাদের 'উদীয়মান সূর্য' সম্বলিত লোগো এখন বই বিক্রেতা ও তরুণদের মাঝে অত্যন্ত পরিচিত।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

খ. BSTI বলতে কী বুঝায়? ২

গ. আরিফ খানের আইনগত সুরক্ষার নাম কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'উদীয়মান সূর্য' সম্বলিত লোগোর উপযোগিতা মূল্যায়ন কর। ৪

teachingbd.com

৪. ▶ জনাব রহমান ও জনাব কবির দুজন ব্যবসায়ী। রহমান সাহেব সীমিত মুনাফা ও মানসম্মত সেবা এ দু-নীতির আলোকে ব্যবসায় করেন। তার ব্যবসায়ে মুনাফা কম হলেও তিনি খুশি। অন্যদিকে কবির সাহেব হঠাৎ করে ধনী হবার আশায় ক্রেতাদেরকে মিথ্যা কথা বলে অপেক্ষাকৃত নিম্নমানের পণ্য গছিয়ে দেয়। ক্রেতারা তাৎক্ষণিকভাবে না বুঝলেও পরবর্তীতে এ নিয়ে তীব্র প্রতিক্রিয়া প্রদর্শন করেন।

ক. ব্যবসায় কী? ১

খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব রহমানের কম মুনাফা করেও খুশি থাকার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব কবিরের নীতি কী ব্যবসায় বান্ধব? এ ব্যাপারে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫. ▶ নাবিল, শান্ত ও আশফাক তিন বন্ধু মিলে মৌখিক চুক্তির ভিত্তিতে দীর্ঘদিন যাবৎ একটি যন্ত্রপাতি মেরামত কারখানা পরিচালনা করে আসছে। সম্প্রতি ব্যবসায়ের পরিধি বৃদ্ধির প্রয়োজনে তারা তাদের আরেক বন্ধু সিয়ামকে মূলধন সরবরাহ ছাড়া শুধু পরিচালনায় অংশগ্রহণের শর্তে অংশীদার হিসেবে উক্ত ব্যবসায়ে যুক্ত করে। ফার্মটি বেশ কয়েকজনের কাছ থেকে বার বার তাগাদা দিয়েও পাওনা অর্থ আদায়ে ব্যর্থ হচ্ছে এবং এ ক্ষেত্রে প্রতিষ্ঠানটি তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থাও গ্রহণ করতে পারছে না।

ক. অংশীদারি ব্যবসায় কী? ১

খ. ঐচ্ছিক অংশীদারি ব্যবসায় বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে সিয়াম কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ফার্মটি কী কারণে পাওনা অর্থ আদায়ে আইনগত পদক্ষেপ নিতে পারছে না? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ জনাব আমীরুল 'উদয় ব্যাংক লি.' এর ব্যবস্থাপনা পরিচালক। উক্ত ব্যাংকের ৬৫% শেয়ার সরকারী উদ্যোগে সরকারী অর্থায়নে ক্রয় করা হয়েছে। অবশিষ্ট সকল শেয়ার সাধারণ জনগণের নিকট বিক্রয় করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব আমীরুল দক্ষতার সাথে কাজ করা সত্ত্বেও অধিকাংশ শাখা গ্রামাঞ্চলে অবস্থিত হওয়ায় তেমন কোন সাফল্য পাচ্ছেন না। এমতাবস্থায় 'উদয় ব্যাংক লি.' কে বছরের পর বছর লোকসান গুনতে হচ্ছে। তবুও পরিচালনা পর্ষদ মনে করেন, আপামর জনসাধারণকে ব্যাংকিং সুবিধার আওতায় আনতে এরূপ প্রতিষ্ঠান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

ক. এক মালিকানা ব্যবসায় কী? ১

খ. পি.পি.পি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত জনাব আমীরুল কোন ধরনের প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদয় ব্যাংক লিমিটেড'-এর পরিচালনা পর্ষদের এরূপ সিদ্ধান্তে তুমি কী একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৭.▶ জনাব ইকবাল দীর্ঘদিন যাবৎ নিজ গ্রামে একটি চক্ষু হাসপাতাল পরিচালনা করে আসছেন। উক্ত হাসপাতালে গ্রামের দুঃস্থ মানুষ স্বল্প অর্থের বিনিময়ে ছানি অপারেশনসহ চোখের বিভিন্ন অসুখে চিকিৎসা সুবিধা পাচ্ছেন। ইকবাল সাহেব উক্ত হাসপাতালের আয় হতে প্রতি বছর বিনিয়োজিত অর্থের কিছু অংশ ফেরৎ নিচ্ছেন আবার কিছু অর্থ প্রতিষ্ঠানের সম্প্রসারণে ব্যয় করছেন। আগামী বছরের মধ্যে তিনি হাসপাতালে বিনিয়োজিত সমুদয় অর্থ ফেরৎ নিয়ে পরবর্তীতে অর্জিত সম্পূর্ণ মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়নে ব্যয় করার প্রত্যাশা করছেন।

ক. বাণিজ্য কী? ১

খ. প্রাথমিক শিল্প বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের ব্যবসায়টি কোন ধরনের ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সমাজে মি. ইকবালের অবদান মূল্যায়ন কর। ৪

৮.▶ সামিয়া একজন উদ্যোগী শিক্ষিত মহিলা, ২০১০ সালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবন শেষে করে তিনি নিজ গ্রামে ২০ জন দুঃস্থ মহিলাকে নিয়ে বাটিক, বুটিক ও সেলাইয়ের একটি ছোট্ট কারখানা গড়ে তোলে। উক্ত কারখানায় উৎপাদিত পোশাক তিনি ঢাকার বিভিন্ন শোরুমে সরবরাহ করেন। উন্নত মান ও আকর্ষণীয় ডিজাইনের কারণে তার কারখানায় উৎপাদিত পোশাকের চাহিদা দিন দিনই বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে ২০০ জন কর্মচারী, আপন দুভাই ও তিনজন নিকটাত্মীয়কে নিয়ে সামিয়া সফলতার সাথেই কারখানাটি পরিচালনা করছে এবং সমুদয় লাভ-লোকসান নিজেই গ্রহণ বহন করছে।

ক. প্রাকৃতিক পরিবেশ কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের পৃথক সত্তাহীনতা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের মালিকানার ভিত্তিতে সামিয়ার ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে দেশের বেকারত্ব দূরীকরণে সামিয়ার অবদান মূল্যায়ন কর। ৪

৯.▶ মিসেস সুহানা যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ শেষে গ্রামের দুস্থ মহিলাদের নিয়ে 'সৃজনী' নামে কারুশিল্পের ব্যবসায় শুরু করেন। এজন্য তিনি সরকারের উদ্যোগে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান থেকে ঋণ সুবিধা ও প্রশিক্ষণের সহায়তাও পেয়েছেন। কাজের সুক্ষতা ও নৈপূণ্যের ছোঁয়ায় 'সৃজনী' আজ গ্রামের গণ্ডি ছাড়িয়ে শহরেও সুপরিচিত একটি নাম। ইদানিং শহরের বিভিন্ন নামী-দামী বিপণী কেন্দ্র থেকে 'সৃজনী' আশাতীতভাবে অর্ডার পাচ্ছে। শুধু সৃজনী নয় পার্শ্ববর্তী গ্রামের মহিলাদের কাছে মিসেস সুহানাও আজ একটি অনুকরণীয় ব্যক্তিত্ব।

ক. WTO-এর সদর দপ্তর কোথায়? ১

খ. রপ্তানী উন্নয়ন ব্যুরো বলতে কী বুঝায়? ২

গ. মিসেস সুহানাকে সহায়তাদানকারী প্রতিষ্ঠানের সাথে কোন ধরনের প্রতিষ্ঠানের মিল রয়েছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মিসেস সুহানাকে সফল উদ্যোক্তা বলার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ভোক্তা সমবায় সমিতির মুনাফা বন্টন করে কিভাবে?**
ⓚ চুক্তি অনুযায়ী ⓚ সদস্যদের সম্মতিক্রমে
ⓖ বার্ষিক ক্রয় অনুপাতে ⓖ মূলধন অনুপাতে

**২. বৈদেশিক বাণিজ্য কয় ধরনের?**
ⓚ ২ ধরনের ⓚ ৩ ধরনের
ⓖ ৪ ধরনের ⓖ ৫ ধরনের

**৩. 'একক মালিকানা' এক মালিকানা ব্যবসায়ের-**
i. প্রথম বৈশিষ্ট্য
ii. প্রধান বৈশিষ্ট্য
iii. মৌলিক বৈশিষ্ট্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মিহির সাহেব ও তার ৩ বন্ধু মিলে ট অংশীদারি ব্যবসায় গঠন করেন। চুক্তি অনুযায়ী মিহির সাহেব ব্যবসায় দেখাশোনা করেন এবং বিনিময়ে প্রতিমাসে ৫, ০০০ টাকা বেতন গ্রহণ করেন। সম্প্রতি মিহিরের ২ বন্ধু দেউলিয়া হওয়ায় ব্যবসায় পরিচালনায় অচল অবস্থা সৃষ্টি হয়।

**৪. মিহির কোন প্রকারের অংশীদার?**
ⓚ সাধারণ ⓚ নিস্ক্রিয়
ⓖ কর্মী ⓖ সীমাবদ্ধ

**৫. মিহিরদের ব্যবসায়টি কোন পদ্ধতিতে বিলোপ ঘটবে?**
ⓚ বিজ্ঞপ্তি দ্বারা ⓚ বাধ্যতামূলক
ⓖ ঘটনা সাপেক্ষে ⓖ আদালতের নির্দেশে

**৬. বাংলাদেশে বহাল অংশীদারি আইনটি কত সালের?**
ⓚ ১৮৩২ সালের ⓚ ১৯১৩ সালের
ⓖ ১৯৩২ সালের ⓖ ১৯৯৪ সালের

**৭. সমবায় সমিতির মূল উদ্দেশ্য হল-**
i. সদস্যদের আর্থিক কল্যাণ
ii. সদস্যদের সামাজিক কল্যাণ
iii. সদস্যদের ভাগ্যের উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৮. বাজারজাতকরণ প্রসার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ⓚ স্বত্বগত ⓚ রূপগত
ⓖ জ্ঞানগত ⓖ কালগত

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
ফারিজা কোং লি. কুয়েত থেকে অপরিশোধিত তেল আমদানি করে নিজস্ব কারখানায় তা থেকে পেট্রোল, ডিজেল, অকটেন উৎপাদন করে। পরবর্তীতে উৎপাদিত পণ্য নেপাল, ভূটান ও মায়ানমারের কাছে বিক্রয় করে।

**৯. ফারিজা কোং লি. কোন প্রকারের উৎপাদন শিল্পের সাথে জড়িত?**
ⓚ সংযোজন ⓚ যৌগিক
ⓖ বিশ্লেষন ⓖ প্রক্রিয়াভিত্তিক

**১০. ফারিজা কোং লি. এর পণ্য রপ্তানির ক্ষেত্রে কোন পরিবেশের ভূমিকা অধিক?**
ⓚ অর্থনৈতিক ⓚ সামাজিক
ⓖ প্রাকৃতিক ⓖ রাজনৈতিক

**১১. প্যাটেন্ট নিবন্ধনের জন্য আবশ্যক উপাদান হলো-**
i. আবিষ্কারটি অবশ্যই নতুন হতে হবে
ii. আবিষ্কারের শিল্প উপযোগিতা থাকতে হবে
iii. ধারণাগতভাবে একক ও অনন্য হতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. সাংগঠনিক স্তর বিচারে সমবায় কত প্রকার?**
ⓚ ২ ⓚ ৪
ⓖ ৬ ⓖ ৮

**১৩. বাংলাদেশে কোন ব্যাংক CSR এর ক্ষেত্রে সচেয়ে বেশী এগিয়ে রয়েছে?**
ⓚ গ্রামীণ ব্যাংক ⓚ যমুনা ব্যাংক
ⓖ সোনালী ব্যাংক ⓖ ডাচ বাংলা ব্যাংক

**১৪. অংশীদার হতে পারে না-**
i. সচিবালয়ে কর্মরত ব্যক্তি
ii. বিদেশি রাষ্ট্রদূত
iii. দেউলিয়া ব্যক্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৫. বর্তমানে বাংলাদেশে বহাল সমবায় বিধিমালা কত সালের?**
ⓚ ১৮৮৪ ⓚ ১৯৮৭
ⓖ ২০০১ ⓖ ২০০৪

**১৬. ভ্যাট কোন পরিবেশের অন্তর্ভুক্ত?**
ⓚ অর্থনৈতিক ⓚ সামাজিক
ⓖ রাজনৈতিক ⓖ আইনগত

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব শাকিল আহমেদ একটি শিল্প কারখানার মালিক। বিভিন্ন স্থানে তার পণ্য সংরক্ষণের জন্য গুদাম রয়েছে। তিনি সকল পণ্যের নিরাপত্তার জন্য অগ্নিবিমা করেছেন। এ জন্য বিমা কোম্পানিকে প্রতিদান স্বরূপ অর্থ প্রদান করেন।

**১৭. জনাব শাকিল আহমেদ প্রতিদান স্বরূপ যে অর্থ বিমা কোম্পানিকে প্রদান করেন তাকে কী বলে?**
ⓚ নিশ্চয়তা ⓚ বোনাস
ⓖ বৃত্তি ⓖ প্রিমিয়াম

Teachingbd.com

১৮. বীমা চুক্তির মাধ্যমে শাকিল আহমেদ সুবিধা পাবেন-
i. ঝুঁকি হ্রাসের ii. ক্ষতিপূরণ প্রাপ্তির
iii. অপচয় হ্রাসের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. কোনটিকে কোম্পানির গঠনতন্ত্র বলা হয়?
ক বিবরণপত্র খ নিবন্ধনপত্র
গ সংঘবিধি ঘ সংঘ স্মারক

২০. বাংলাদেশে পরিবেশ সংরক্ষন আইন কত সালের?
ক ১৯৯৪ খ ১৯৯৫
গ ১৯৯৭ ঘ ১৯৯৯

২১. জাতি, ধর্ম, বর্ণ এগুলো কোন পরিবেশের উপাদান?
ক ধর্মীয় খ সামাজিক
গ আইনগত ঘ সাংস্কৃতিক

২২. ক্রয়-বিক্রয় কোন ধরনের বাধা দূর করে?
ক রূপগত খ স্থানগত
গ কালগত ঘ মালিকানাগত

২৩. খাদ্য দ্রব্যে ভেজাল মিশ্রণ করার কারণ-
i. দারিদ্রতার কারণে
ii. মূল্যবোধের অভাবে
iii. নৈতিকতার অভাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. কোনটি উদ্যোক্তার মূল কাজ
ক ঝুঁকি গ্রহণ খ উদ্ভাবন
গ চ্যালেঞ্জ গ্রহণ ঘ উন্নয়ন

২৫. ETP কি?
ক একটি সংস্থা খ একটি প্রকল্প
গ একটি প্রক্রিয়া ঘ বর্জ্য শোধন যন্ত্র

২৬. ব্যবসায় কোন ধরনের প্রক্রিয়া হিসেবে গণ্য?
ক অর্থনৈতিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ ধর্মীয়

২৭. আর পি সাহার জন্ম কত সালে?
ক ১৮৮৯ খ ১৮৯৮
গ ১৮৯৯ ঘ ১৯১৮

২৮. নাবালককে কোন ধরনের অংশীদার বলা যেতে পারে?
ক প্রতিবন্ধ খ পরিমিত
গ নিস্ক্রিয় ঘ নামমাত্র

২৯. সমবায় সমিতির সর্বোচ্চ কত % শেয়ার একজন সদস্য ক্রয় করতে পারে?
ক ২০% খ ২২%
গ ২৫% ঘ ২৮%

৩০. পণ্য দ্রব্যের বণ্টন সংক্রান্ত কাজকে কী বলে?
ক শিল্প খ বাণিজ্য
গ ট্রেড ঘ প্রত্যক্ষ সেবা

৩১. ফলের পচনশীলতা রোধে কোন রাসায়নিক দ্রব্য ব্যবহৃত হয়?
ক সালফাইট খ ফরমালিন
গ কার্বাইট ঘ বেনজয়েট

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
রফিক সাহেব তার ৬ বন্ধুকে নিয়ে আইনের মাধ্যমে একটি ব্যবসায় সংগঠন গঠন করে। সংগঠনটি গঠিত হওয়ার ৬ মাস পরও তারা প্রতিষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে পারেনি। ফলে প্রতিষ্ঠানের কার্যারম্ভে বিলম্ব ঘটে।

৩২. রফিক সাহেবের প্রতিষ্ঠানটি কোন অর্থ সংগ্রহে ব্যর্থ হয়েছে?
ক শেয়ার মূলধন খ অনুমোদিত মূলধন
গ নূন্যতম মূলধন ঘ প্রাথমিক মূলধন

৩৩. প্রতিষ্ঠানটি উক্ত অর্থ সংগ্রহ করতে পারে-
i. প্রবর্তক গণের নিকট থেকে
ii. শেয়ার বিক্রয়ের মাধ্যমে
iii. সম্পদ বিক্রয়ের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. বাংলাদেশে পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান কোনটি?
ক ISO খ BSTI
গ EPS ঘ BGMEA

৩৫. কোন বীমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?
ক নৌ বীমা খ অগ্নিবীমা
গ দুর্ঘটনা বীমা ঘ জীবন বীমা

৩৬. ডঃ হুসনেআরা বেগম TMSS-এর একজন-
ক সদস্য খ উদ্যোক্তা
গ নির্বাহী পরিচালক ঘ পরিচালক

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব হাফিজ সাহেব একজন দক্ষ ইলেক্ট্রিশিয়ান। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানে ঘুরে ঘুরে চুক্তিভিত্তিক কাজ করেন।

৩৭. হাফিস সাহেবের কাজকে বলা হয়-
ক চুক্তিভিত্তিক কাজ খ কারিগরি কাজ
গ আউটসোর্সিং ব্যবসায়
ঘ ইলেক্ট্রিক্যাল কাজ

৩৮. কৃতিত্বার্জন চাহিদা বলতে কোন ধরনের চাহিদাকে বুঝায়?
ক মুনাফার্জন চাহিদা খ সাফল্য অর্জন চাহিদা
গ প্রতিষ্ঠা অর্জন চাহিদা ঘ সামর্থ্য অর্জন চাহিদা

৩৯. ISO এর প্রধান অফিস কোথায়?
ক জেনেভা খ নিউইয়র্ক
গ ইংল্যান্ড ঘ হংকং

৪০. কোম্পানি সংগঠনের সকল কাগজপত্রে কোনটি থাকা আবশ্যক?
ক কোম্পানির নাম খ কোম্পানির ঠিকানা
গ পরিচালকের স্বাক্ষর ঘ কোম্পানির সীলমোহর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com